

বিষ থাকতে পারে

বিষ ঠিক দাঁতে নয়  
বিষ থাকে অন্য কোনোখানে  
থাকে বিষ দামি পেটিকায়  
ছেঁড়াখোঁড়া পুটুলিরও মধ্যে থাকে বিষ  
থাকে বিষ জিভের ডগায় কিংবা  
খোলা তালুতেও  
থাকে বিষ যেখানে - সেখানে অন্ধকারে  
নিশ্চিন্তি রাগ্নিরে চুমুতেও—

বিষ ঠিক দাঁতে নয়  
দাঁতের আড়ালে থাকে বিষ  
ম্যাড়মেড়ে ফ্যাকাশে — শাদা — কখনো বা  
নানান উজ্জ্বল রঙে মিশে  
থাকে রামধনুকের বর্ণ - সুষমায়  
থাকতে পারে শুভ্র উপবীতে—  
আসলে বিষের জায়গা যে কোনো কিছুতে হতে পারে  
এমনকী একটু ইশারায়  
থাকে বিষ চোখেরও ইঙ্গিতে—

রক্তের হাজরা

